

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুলাই ৫, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

অবা-১ শাখা

আদেশ

তারিখ : ১২ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ/২৬ জুন, ২০২৩ খ্রিস্টাব্দ

এস. আর. ও. নং- ২১৩-আইন/২০২৩।—সরকার, Imports and Exports (Control) Act, 1950 (Act No. XXXIX of 1950) এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে, আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত আদেশের—

(১) অনুচ্ছেদ ৮ এর উপ-অনুচ্ছেদ (৩) এর দফা (খ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (খ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(খ) (অ) শিল্প খাতের আমদানিকারক হিসাবে নিবন্ধিত আমদানিকারকগণ কর্তৃক বাংলাদেশ হইতে মূল্য পরিশোধ করিয়া সীমান্ত কারখানায় ব্যবহারের জন্য মূল্যসীমা নির্বিশেষে কাঁচামাল, মূলধনী যন্ত্রপাতি ও ফায়ার ডোর আমদানি করিতে পারিবে;

(আ) বাণিজ্যিক আমদানিকারক কর্তৃক বাংলাদেশ হইতে মূল্য পরিশোধ করিয়া বাংসরিক অনধিক ৫ (পাঁচ) লক্ষ মার্কিন ডলার মূল্যের যে কোনো আমদানিযোগ্য পণ্য আমদানি করা যাইবে:

তবে শর্ত থাকে যে, পরিশোধিত সয়াবিন তেল, পরিশোধিত চিনি এবং কেবল কয়লাভিত্তিক তাপ বিদ্যুৎ উৎপাদনে নিয়োজিত শিল্প প্রতিষ্ঠানে সরবরাহের লক্ষ্যে কয়লা, বাণিজ্য মন্ত্রণালয়ের পূর্বানুমতি সাপেক্ষে, বাংসরিক সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) লক্ষ মার্কিন ডলার মূল্যসীমা পর্যন্ত আমদানি করা যাইবে:

(৯০৫৫)  
মূল্য : টাকা ৮.০০

তবে আরও শর্ত থাকে যে, মূল্য পরিশোধের পূর্বে বাংলাদেশ ব্যাংক বা অন্যান্য ব্যাংকের এডি (Authorized Dealer) শাখা কর্তৃক মূল্য ঘাটাই করিতে হইবে; এবং

(ই) সরকার, রপ্তানি সম্প্রসারণের লক্ষ্যে, কেইস টু কেইস ভিত্তিতে, ঝণপত্র না খুলিয়া টি.টি (Telegraphic Transfer) এর মাধ্যমে মূল্যসীমা নির্বিশেষে পণ্য আমদানির অনুমতি প্রদান করিতে পারিবে”;

(২) অনুচ্ছেদ ২৫ এর উপ-অনুচ্ছেদ (১৬) এর দফা (ঘ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঘ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(ঘ) (অ) লিকুইফাইড ন্যাচারাল গ্যাস (এলএনজি), লিকুইফাইড প্রপেন ও বিউটেনস (এইচএস হেডিং ২৭.১১ এর এইচএস কোড ২৭১১.১১ এর অধীন শ্রেণিবিন্যাসযোগ্য) বেসরকারি খাতে আমদানিযোগ্য :

তবে শর্ত থাকে যে, বেসরকারি আমদানিকারককে এনার্জি রেগুলেটরি কমিশন আইন, ২০০৩ অনুযায়ী এনার্জি রেগুলেটরি কমিশন এর লাইসেন্স প্রাপ্ত হইতে হইবে;

(আ) ইথিলিন (Ethylene) এবং প্রোপাইলিন (Propylene) (এইচ এস হেডিং ২৭.১১ এর এইচ এস কোড ২৭১১.১৪ এর অধীন শ্রেণিবিন্যাসযোগ্য) বিক্ষেপে পরিদপ্তরের পূর্বানুমতি এবং পরিবেশ অধিদপ্তরের অনাপত্তি গ্রহণ সাপেক্ষে, বেসরকারি খাতে আমদানিযোগ্য হইবে।”।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মিরাজুল ইসলাম উকিল**  
মুস্তাফাঃ